# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - মোজার উপর মাসাহ করা

## আরবী

وَعَن صَفْوَان بن عَسَّال قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُنَا إِذَا كُنَّا سَفَرًا أَنْ لَا نَنْزِعَ خِفَافَنَا ثَلَاثَةَ أَيَّامٍ وَلَيَالِيَهُنَّ إِلَّا مِنْ جَنَابَةٍ وَلَكِنْ مِنْ غَائِطٍ وَبَوْلٍ وَنَوْمٍ. رَوَاهُ التِّرْمِذِيّ وَالنَّسَائِيّ

## বাংলা

৫২০-[৪] সফ্ওয়ান ইবনু 'আস্সাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সফর অবস্থায় কোথাও রওনা হলে আমাদেরকে তিনদিন তিনরাত পর্যন্ত পবিত্রতার গোসল ছাড়া, এমনকি প্রস্রাব-পায়খানা ও ঘুমানোর পর মোজা না খুলে উযূ (ওযু/ওজু/অজু) করার আদেশ করতেন। (তিরমিযী ও নাসায়ী)[1]

## ফুটনোট

[1] হাসান : তিরমিযী ৯৬, নাসায়ী ১২৭, ইরওয়া ১০৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরের সময় সাহাবীগণের আদেশ করতেন মোজা না খুলতে। তিনদিন ও তিনরাতের জন্য এ বিধান ছিল ভিন্ন কথা। তবে গোসল ফরয হলে প্রস্রাব-পায়খানার প্রয়োজন হলে এবং ঘুম হতে জাগলেও এ আদেশ বহাল থাকবে। এখানে হাদীসটি উযূর সময় মোজার উপর মাসাহ করার কথার দিকে ইঙ্গিত করছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55077

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন